# NYC পাবলিক স্কুলগুলোতে কী কী ঘটছে

اعرض هذه الوثيقة باللغة العربية | এই নথি বা ডক্যুমেন্টটি বাংলায় দেখুন | 查看本文件的中文版
Consultez ce document en français | Gade dokiman sa a an kreyòl ayisyen | 이 문서를 한국어로 보기
Consulte este documento en español | یہ دستاویز اردو میں ملاحظہ کریں | Перевод документа на русский язык

schools.nyc.gov/MessagesForFamilies

## মে 2025

পরিবারের জন্য এই হালনাগাদকরণ সামার রাইজিং, 2025-এর এডুকেশন কাউন্সিলের নির্বাচনসমূহে ভোট দেয়া, ভর্তি সংক্রান্ত গুরুত্বপূর্ণ তারিখসমূহ, টিচার অ্যাপ্রিসিয়েশন উইক (শিক্ষকের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন সপ্তাহ), ক্লাইমেট অ্যাকশন ডে (জলবায়ু রক্ষা কার্যক্রম দিবস), এবং প্যারেন্ট-টিচার কনফারেন্সগুলো সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করে।

---

## বিষয়সূচি


- সামার রাইজিং-এর অফারসমূহ
- এডুকেশন কাউন্সিল-এর নির্বাচনসমূহ
- ভর্তি সংক্রান্ত গুরুত্বপূর্ণ তারিখসমূহ
- টিচার অ্যাপ্রিসিয়েশন উইক (শিক্ষকের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন সপ্তাহ)
- জলবায়ু রক্ষা কার্যক্রম দিবস (ক্লাইমেট অ্যাকশন ডে)
- প্যারেন্ট-টিচার কনফারেন্সসমূহ


---

## সামার রাইজিংয়ে ভর্তির অফারসমূহ

আপনি যদি সামার রাইজিং-এ আবেদন করে থাকেন এবং একটি অফার পেয়ে থাকেন, তবে আপনার সন্তানের অফার গ্রহণ করার শেষ দিন হলো **বৃহস্পতিবার, ৪ (আট) মে**—আপনার সন্তানের অফার গ্রহণ করা অথবা প্রত্যাখ্যান করার জন্য MySchools.nyc-তে লগ ইন করুন। মনে রাখবেন যে এই বছর, পরিবারদেরকে আপনাআপনিভাবে এনরোল বা তালিকাভুক্ত করা হবে **না—আপনার সন্তানের আসন সুরক্ষিত করতে সময়সীমার মধ্যে আপনার অফার গ্রহণ করুন!**

---

## 2025 কমিউনিটি এবং সিটিওয়াইড এডুকেশন কাউন্সিল নির্বাচন

**মঙ্গলবার,** 13 মে-এর মধ্যে আপনার NYC স্কুলস্ অ্যাকাউন্ট (NYCSA)-এর মাধ্যমে আপনার 2025 কমিউনিটি অ্যান্ড সিটিওয়াইড এডুকেশন কাউন্সিল (CCEC) নির্বাচনের প্রার্থীদের ভোট দিন। আপনার যদি একটি অ্যাকাউন্ট না থেকে থাকে, তবে কীভাবে একটি তৈরি করতে হয় তা আপনি জানতে পারবেন schools.nyc.com/NYCSA-এ। আপনার ভোট দেয়ার জন্য আপনার অ্যাকাউন্টে আপনার সন্তানদেরকে লিংক (সংযুক্ত) করার প্রয়োজন হবে। কীভাবে ভোট দিতে হবে সেবিষয়ে তথ্য খুঁজে নিন schools.nyc.gov/Elections2025-এ এবং CCEC সম্পর্কে আরও জানুন schools.nyc.gov/CCEC-এ।

# ভর্তি সংক্রান্ত গুরুত্বপূর্ণ তারিখসমূহ

## হেমন্ত (ফল) 2025-এর জন্য উচ্চতর গ্রেডের গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড (G&T)-এ ভর্তির আবেদনের সময় শেষ হচ্ছে 9 মে

G&T প্রোগ্রামগুলো গ্রেড 1–4-এ যোগ্য শিক্ষার্থীদেরকে ত্বরান্বিত শিক্ষা-নির্দেশনার সুযোগ দেয়। আপনার সন্তান যদি তার রিপোর্ট কার্ডের গ্রেডের ভিত্তিতে G&T-তে ভর্তিতে অংশগ্রহণ করার জন্য যোগ্য হয়ে থাকে, তবে আপনার মাইস্কুলস্ অ্যাকাউন্ট ইমেইল অথবা আপনার স্কুল রেকর্ডে থাকা বাড়ির ঠিকানায় আপনার একটি বিজ্ঞপ্তি পেয়ে যাওয়ার কথা। MySchools.nyc-তে হেমন্ত (ফল) 2025-এর জন্য আবেদন করার শেষ সময়সীমা **শুক্রবার, 9 মে**। G&T যোগ্যতার শর্তাবলী এবং ভর্তি সম্পর্কে জানতে, schools.nyc.gov/GT দেখুন।

## 3-K এবং প্রি-K-তে ভর্তির অফারসমূহ

আপনি যদি 28 ফেব্রুয়ারি, 2025-এর শেষ সময়সীমার মধ্যে হেমন্ত (ফল) 2025-এর জন্য 3-K অথবা প্রি-K -তে আবেদন করে থাকেন, তবে আপনি আপনার সন্তানের প্রি-K-এর অফার **13 মে**-তে অথবা আপনার সন্তানের 3-K-এর ফলাফল **20 মে**-তে পাবেন। অফারটি গ্রহণ করতে এবং আপনার সন্তান কোনো অপেক্ষা-তালিকাসমূহে থাকলে (যদি প্রযোজ্য হয়) সেসব দেখতে আপনার MySchools.nyc অ্যাকাউন্টে লগ ইন করুন। কীভাবে অফার প্রদান করা হয় তা জানতে, schools.nyc.gov/PreK এবং schools.nyc.gov/3K দেখুন।

# টিচার অ্যাপ্রিসিয়েশন উইক (শিক্ষকের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন সপ্তাহ)

**5–9 মে, 2025**-এর সপ্তাহ জুড়ে আপনার সন্তানের শিক্ষকদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করুন! শিক্ষকেরা আমাদের ছেলেমেয়েদেরকে ক্লাসরুমের ভিতরে ও বাইরে নিরাপদ, সহায়তাপ্রাপ্ত, এবং তাদের পূর্ণ সম্ভাবনায় পৌঁছানোর জন্য অনুপ্রাণিত বোধ করতে সাহায্য করেন।

আপনার জীবনে পরিবর্তন আনা শিক্ষকদেরকে ধন্যবাদ জানাতে একটু সময় নিন: এখন থেকে এবং 9 মে-এর মধ্যে, একজন অতিথি হিসেবে DOEAllStars.schools.nyc-তে সাইন ইন করুন এবং আপনার সমর্থনের বার্তা পাঠাতে সযত্নে লালন করা একজন NYCPS শিক্ষাবিদের নাম দিন। একজন শিক্ষকের দিনকে আনন্দময় করে তোলা এতোটাই সহজ! এছাড়াও আমরা সোশ্যাল মিডিয়া (সামাজিক যোগাযোগ মাধ্যম)-তে #ThankATeacherNYC হ্যাশট্যাগ ব্যবহার করে আমাদের সিটির শিক্ষকদেরকে শ্রদ্ধা ও সম্মান প্রদর্শন করার জন্য শিক্ষার্থী ও পরিবারদেরকে উৎসাহিত করি।

# ক্লাইমেট অ্যাকশন ডে (জলবায়ু রক্ষা কার্যক্রম দিবস)

2024-25 শিক্ষা বছরের জন্য সর্বশেষ NYCPS ক্লাইমেট অ্যাকশন ডে হতে চলেছে **বুধবার, 21 মে**-তে! প্রতিটি ক্লাইমেট অ্যাকশন ডে-তে, NYC-এর পাবলিক স্কুল কমিউনিটিগুলো জলবায়ু সংক্রান্ত শিক্ষা কর্মকাণ্ডসমূহকে তুলে ধরে এবং দিবসের প্রতিপাদ্যের সাথে সম্পর্কিত সুরক্ষামূলক ভালো অভ্যাস গড়ে তোলে। মে মাসের জন্য প্রতিপাদ্য, "পানি", স্কুলগুলোকে মাস জুড়ে পানির বাস্তুসংস্থান, সংরক্ষণাধার, এবং আমাদের সিটিতে বর্ধিত বৃষ্টিপাত ও ঝড়ের সাথে খাপ খাওয়ানো বিষয়ক কর্মকাণ্ডসমূহ পরিকল্পনা করার জন্য উৎসাহ দেয়। আরো তথ্যের জন্য schools.nyc.gov/ClimateAction দেখুন।

# মে মাসের প্যারেন্ট-টিচার কনফারেন্সসমূহ

এই বছরের প্যারেন্ট-টিচার কনফারেন্স (PTC)-এর শেষ দফার জন্য প্রস্তুত হোন! কনফারেন্সগুলো দূর থেকে বা রিমোটভাবে পরিচালিত হবে, তবে অনুরোধ-সাপেক্ষে সশরীরে অনুষ্ঠিত হতে পারে। অনুবাদ এবং দোভাষী পরিষেবাও লভ্য হবে—আপনার এই পরিষেবাগুলো প্রয়োজন হলে অনুগ্রহ করে আপনার সন্তানের স্কুলকে জানাবেন। আরও জানতে অনুগ্রহ করে schools.nyc.gov/ptc দেখুন।

- **বৃহস্পতিবার, 1 মে:** এলিমেন্টারি স্কুল এবং প্রি–K সেন্টারগুলোর জন্য সান্ধ্যকালীন PTC
- **বৃহস্পতিবার, 8 মে:** মিডল্ স্কুল এবং D75 স্কুলগুলোর জন্য সান্ধ্যকালীন PTC
- **বৃহস্পতিবার, 15 মে:** হাই স্কুল, K-12, এবং 6-12 স্কুলগুলোর জন্য সান্ধ্যকালীন PTC